"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০৩.১৯-৫৫

তারিখ: ১০ ফাল্গুন, ১৪২৬ ব. / ২৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরের মঞ্জুরী ও বরাদ্দভিত্তিক নিরীক্ষা প্রতিবেদনের উপর শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তি/অনিষ্পত্তিকৃত অডিট আপত্তি বিষয়ে মন্তব্য অবহিতকরণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর এর স্মারক নং-৩৩৪৬/খন্ড-১/এলএএস-২/নি:প্র:/বরাদ্দ ও মঞ্জুরী/২০১৭-২০১৮/২০৬৫, তারিখ: ২৯/০১/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের মঞ্জুরী ও বরাদ্দ ভিত্তিক নিরীক্ষা প্রতিবেদনের উপর (চারটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান) মন্ত্রণালয়ের মন্তব্যের আলোকে শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তরের মন্তব্য টিএমইডি-তে প্রাপ্তি প্রসঙ্গে।

০২. এক্ষণে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ২০১৭-২০১৮ সনের নিরীক্ষা প্রতিবেদনের উপর ব্রডশীট জবাবের আলোকে শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তরের মন্তব্য নিম্নে প্রদত্ত হলো:

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | ২০১৭-২০১৮ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। | অনু:-১ (অগ্রীম) ৪২৬৯,২১,৬৪,০০০/- | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের (অনুন্নয়ন) ব্যয়ের হিসাব পাওয়া যায়নি। | ডিজি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাজেট বিধায় তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা মন্ত্রণালয়ের বরাদ্দের সাথে সংশ্লিষ্ট নয় বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | ডিজি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাজেট বিধায় তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা মন্ত্রণালয়ের বরাদ্দের সাথে সংশ্লিষ্ট নয় বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাবের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো, তবে এনটিটি প্রধান হিসেবে ভবিষ্যতে সকল অধিদপ্তরের হিসাবের সামারী সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ২. | ২০১৭-২০১৮ | ১০০ টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প | অনু:-২ (অগ্রীম) ৫০০,৭৮,২৯,০০০/- | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের (উন্নয়ন) ব্যয়ের হিসাব পাওয়া যায়নি। | ডিজি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাজেট বিধায় তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা মন্ত্রণালয়ের বরাদ্দের সাথে সংশ্লিষ্ট নয় বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | ডিজি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাজেট বিধায় তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা মন্ত্রণালয়ের বরাদ্দের সাথে সংশ্লিষ্ট নয় বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাবের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো, তবে এনটিটি প্রধান হিসেবে ভবিষ্যতে সকল অধিদপ্তরের হিসাবের সামারী সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ৩. | ২০১৭-২০১৮ | কারিগরি শিক্ষা অধিদপ্তর | অনু:-৩ (অগ্রীম) ৩,০৮,৭৮০০০/- | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর আওতাধীন অনুন্নয়ন খাতের ব্যয়ের সাথে সিএও অফিসের হিসাবে গরমিল। | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা কর্তৃক জানানো হয়েছে সিএও অফিসের সহিত হিসাব সমন্বয়সাধন করা হয়েছে এবং গড়মিল বিষয়ে অফিসের সহিত যোগাযোগ অব্যাহত আছে। | প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | সিএও অফিসের সহিত হিসাবের সমন্বয় সাধণপূর্বক পরবর্তী অগ্রগতি অডিট অফিসে প্রমাণকসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৪. | ২০১৭-২০১৮ | স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট, কারিগরি শিক্ষা অধিদপ্তর। | অনু:-৪ (অগ্রীম) ১,৭৯,৬১,০০০/- | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর আওতাধীন উন্নয়ন প্রকল্পের হিসাবের সাথে সিএও অফিসের হিসাব গড়মিল। | কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে জানানো হয়েছে সিএও অফিসের সহিত প্রকল্পের গড়মিল কিছু রয়েছে। বিধায় সমন্বয় সাধণের জন্য সিএও অফিসের সহিত যোগদাযোগ অব্যাহত আছে। | প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | সিএও অফিসের সহিত হিসাবের সমন্বয় সাধণপূর্বক ফলাফল অডিট অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৫. | ২০১৭-২০১৮ | কারিগরি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা। | অনু:-৫ (অগ্রীম) ১৩৫,৮৩,৫০৫/- | মন্ত্রণালয় ও তার আওতাধীন প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয়। | অতিরিক্ত ব্যয়ের ব্যয়োত্তর মঞ্জুরীর জন্য কর্তৃপক্ষের নিকট পত্র লেখা হয়েছে। | প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | অতিরিক্ত ব্যয়ের ব্যয়োত্তর মঞ্জুরী গ্রহণপূর্বক অডিট অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৬. | ২০১৭-২০১৮ | জাতীয় কম্পিউটার ও গবেষণা একাডেমী, বগুড়া। | অনু:-৬ (অগ্রীম) ৩৮,০৮,৫৮৮/- | ফাউন্ডেশন ও মঞ্জুরীবিহীন প্রাক্কলনের মাধ্যমে অফিস ভবন নির্মাণে অনিয়মিত ব্যয়। | ১। আর্থিক ক্ষমতা অর্পন বিধি-১৫ এর আইটেম ৪ (ক) অনুসরণক্রমে RFQ-এর পরিবর্তে উন্মুক্ত দরপত্রের (OTM) মাধ্যমে পূর্ত কাজ সম্পন্ন করা হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, বিএসআর পার্ট-১ এর ৫(২৮) বিধির ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ০৮/০১/০৮ খ্রি. তারিখের শিক্ষা/শা:১৬/নট্রামস-৮২/২০০৪/১৩ নং স্মারকমূলে পরিচালক, নেকটার, বগুড়াকে দপ্তর প্রধান হিসেবে কর্মকর্তা হিসেবে ঘোষিত হয়েছে। সেই আলোকে প্রকিউরমেন্ট প্রক্রিয়ায় অবাধ, স্বচ্ছ ও প্রতিযোগিতামূলক করার নিমিত্ত উন্মুক্ত দরপত্রের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। যেহেতু আলোচ্য আপত্তির ক্ষেত্রে পরিচালক, নেকটার কর্তৃক ২০১৫ এর বিধি ৪(ক) বর্ণিত আর্থিক ক্ষমতা অতিক্রম করে কোন পূর্ত কাজ সম্পন্ন করা হয়নি। সেহেতু আপত্তি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।<br>২। পূর্ত কাজ বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন এবং দায়িত্বপ্রাপ্ত (ইইডি) এর নির্বাহী প্রকৌশলী, বগুড়া জোন, বগুড়া কর্তৃক আলোচ্য ভবনটি উর্ধ্বমুখী সম্প্রসারণ বিষয়ে যে মতামত প্রদান করা হয়েছে তা নিম্নরূপ: "The Foundation is available to constact for three stored building" | স্থানীয় অফিসের জবাব গ্রহণযোগ্য হওয়ায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাব নিষ্পত্তিমূলক নয় কারণ অন্যান্য বিষয়গুলো গ্রহণযোগ্য হলেও রড, সিমেন্ট, বুয়েট, পলিটেকনিক ইনষ্টিটিউট হতে টেষ্ট করা হয়নি এবং প্রাক্কলনে উক্ত ব্যয় বরাদ্দ রাখা হয়নি ফলে টেষ্ট ছাড়াই নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে বলেই প্রতীয়মান। ফলে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |

চলমান পাতা/৩

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পূর্ত কাজে কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তার মতামত হতে এটা স্পষ্ট যে, উক্ত ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কারিগরি দিন দিয়ে সঠিক ও ত্রুটিমুক্ত। কাজটি যথাযথভাবে সম্পাদন হওয়া বিষয়ে COMPLETION CERTIFICATE যেহেতু কারিগরি জ্ঞানসম্পন্ন এবং এ বিষয়ে দয়িত্বপ্রাপ্ত টেকনিক্যাল কর্মকর্তার মতামতের ভিত্তিতে উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ সম্পাদন হয়েছে সেহেতু আপত্তি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।<br>৩। ভবনটির গুণগত মান যাতে অক্ষুন্ন থাকে সেজন্য বাংলাদেশের অন্যতম ব্রান্ড বিএসআরএম রড ব্যবহার করা হয়েছে। তাছাড়া ভবনটি ১৫০০ বর্গফুট এবং ১৪ কলাম বিশিষ্ট। ভবনটি স্বল্প পরিসরে এবং গুণগতমান বজায় রেখে নির্মাণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক জাতীয় ও স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে টেন্ডারিং প্রক্রিয়ায় কাজটি সম্পন্ন হয়েছে। বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | | |
| ৭. | ২০১৭-২০১৮ | চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম। | অনু:-৭ (অগ্রিম) ২৯,২০,৬৬০/- | বিধি বহির্ভূতভাবে টেন্ডার প্রক্রিয়ায় অনিয়মিত ব্যয়। | পিপিআর ২০০৮ বিধি ৯৮(১৪) পৃষ্ঠা নং-১৩৪ মোতাবেক নূন্যতম কতটি দরপত্র আবশ্যক হবে তৎসংক্রান্ত কোন বাধ্যবাধকতা থাকিবেনা। উন্মুক্ত দরপত্রের ক্ষেত্রে আপত্তিকৃত বিষয় প্রযোজ্য নহে। (কপি সংযুক্ত) | টিএমইডি এর মতামত প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাব, প্রমাণক ও মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে আপত্তিটি নিষ্পত্তি করা হলো। |
| ৮. | ২০১৭-২০১৮ | কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | অনু:-৮ (অগ্রিম) ২৮,৪৪,০০০/- | ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ পরীক্ষার বিল হতে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক আয়কর কর্তন করা হয়নি। বুয়েট চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালান ও অনলাইন যাচাইয়ের কপি প্রেরণ করা হয়েছে। | প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | আপত্তিকৃত ২৮,৪৪,০০০/- টাকার স্বপক্ষে অধিদপ্তর কর্তৃক প্রমাণক পাওয়া যায়নি। ফলে যথাযথ প্রমাণকসহ জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৯. | ২০১৭-২০১৮ | চট্টগ্রাম পলিটেকিনক ইনস্টিটিউট, চট্টগ্রাম। | অনু:-৯ (অগ্রিম) ২৪,৩৪,১৯১/৫১ | পরীক্ষা তহবিলের অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি। | পরীক্ষা তহবিলের অর্থ পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত ব্যয় করা যায় না। পরীক্ষা সাধারণত শেষ হতে হিসাব সাল এমনকি ক্যালেন্ডার বৎসরও শেষ হয়ে যায় ফলে উক্ত অর্থ হাতে রয়ে যায়। যা পরবর্তীতে অন্যান্যদের পরিশোধ করা হয়। | টিএমইডি এর মতামত, প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | অব্যয়িত অর্থের সর্বশেষ হিসাব এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১০. | ২০১৭-২০১৮ | চট্টগ্রাম পলিটেকিনক ইনস্টিটিউট, চট্টগ্রাম। | অনু:-১০ (অগ্রিম) ৬,১০,৭৫০/- | আর্থিক ক্ষমতা বহির্ভূতভাবে গাড়ী মেরামত কাজে অনিয়মিত ব্যয়। | উক্ত আপত্তির আলোকে জানানো যাচ্ছে যে, গাড়ী মেরামত কাজে বর্ণিত RFQ টি উল্লেখিত পরিমাণ অর্থ ব্যয় অধ্যক্ষের কার্যালয় থেকে যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন করা হয়েছে। কিন্তু গাড়ী মেরামতের জন্য উল্লিখিত পরিমাণ অর্থ ব্যয় অধ্যক্ষের আর্থিক ক্ষমতা বহির্ভূত হওয়ায় অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট স্মারক নং-চ.প.ই/সা.ভা, ২০১৭-১৮/৩৩৬, তারিখ: ১০/০৪/২০১৮ এবং পরবর্তীতে স্মারক নং-চ.প.ই/সা.ভা, ২০১৭-১৮/১০৬, তারিখ: ১৬/০৫/২০১৯ খ্রি. মূলে ভূতাপেক্ষিক ব্যয় মঞ্জুরীর অনুমোদন চাওয়া হয়। তাছাড়া প্রতিষ্ঠানের পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরপত্র আনা নেওয়া এবং ব্যাংকের অর্থ লেনদেন সহ বিভাগীয় শহর হওয়ার কারণে জরুরী ভিত্তিতে গাড়ি মেরামত করা হয়েছিল। বর্তমানে গাড়ী সচল অবস্থায় আছে। আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাব নিষ্পত্তিমূলক নয় কারণ আর্থিক ক্ষমতা বহির্ভূতভাবে ব্যয় করার সুযোগ নেই বিধায় ব্যয়োত্তর মঞ্জুরী দায়ি ব্যক্তিবর্গের নিকট হতে আপত্তিকৃত টাকা আদায় করার জন্য অনুরোধ করা হলো। |
| ১১. | ২০১৭-২০১৮ | চট্টগ্রাম পলিটেকিনক ইনস্টিটিউট, চট্টগ্রাম। | অনু:-১১ (অগ্রিম) ২,৩৮,১৩৯/- | পরীক্ষা সংক্রান্ত কাজে প্রাপ্যতার অতিরিক্ত সম্মানী গ্রহণ। | কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক সম্মানি শিক্ষকদের বন্টন করা হয়েছে। | প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাব নিষ্পত্তিমূলক নয়। কারণ শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৭/১৪ খ্রি.: তারিখের পরিপত্র অনুসরণ করে সম্মানী প্রদান করা হয়নি। ফলে সমুদয় অর্থ আদায় করে অডিট অফিসে প্রমাণকসহ জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১২. | ২০১৭-২০১৮ | জাতীয় কম্পিউটার ও গবেষণা একাডেমী, বগুড়া। | অনু:-১২ (অগ্রিম) ১৫,৯৫৯/- | সাজ পোষাকের বিল হতে ভ্যাট কর্তন না করায়/কম কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি। | আপত্তির জবাবে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত অডিট আপত্তির অনু: নং-১৪ নেকটার, বগুড়ার সাজপোষাক বিল হতে কম কর্তন ১৫,৯৫৯/- টাকা সরকারি কোষাগারে চালানে জমা করা হয়েছে। চালান নং-৪০, তাং-০৭/০৮/১৯ খ্রি. সোনালী ব্যাংক লি:, গোহাইল রোড শাখা, বগুড়া। আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় অফিসের জবাব গ্রহণযোগ্য হওয়ায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | আপত্তিকৃত ১৫,৯৫৯/- টাকার চালান ও অনলানি ভেরিফিকেশন কপি পাওয়ায় এবং যাচাই করে সঠিক পাওয়ায় এবং মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ১৩. | ২০১৭-২০১৮ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। | অনু:-১৩ (অগ্রিম) ৩৩,৬৯০/- + ২৪,০৫৮/- ৫৭,৭৪৮/- | বিভিন্ন বিলের উপর উৎসে কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত ৩৩,৬৯০/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়েছে (চালান নং-২৪৬, তারিখ: ২১/০৮/২০১৯ খ্রি.)। আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো। | চালান নং-২৪৬, তাং-২১/০৮/১৯ খ্রি. এর মাধ্যমে জমা করায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | আপত্তিকৃত ৩৩,৬৯০/- টাকার চালান ও অনলাইন ভেরিফিকেশন কপি যাচাই করে সঠিক পাওয়ায় আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো। |

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪. | ২০১৭-২০১৮ | জাতীয় কম্পিউটার ও গবেষণা একাডেমী, বগুড়া। | অনু:-১৪ (অগ্রিম) ১১,০১,১১৫/- | সরকারি খাতের কোড পরিবর্তন করে অনিয়মিত ব্যয়। | ২০১৭-২০১৮ অর্থ বছরের ৩০/০৬/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত জেলা হিসাব রক্ষণ অফিস, বগুড়ার মাধ্যমে প্রি-অডিটর মাধ্যমে নির্বাহ করা হয়েছে। অর্থ বিভাগের আন্ত:মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত।<br>২০১৭-১৮ অর্থ বছরের অনুন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থের ব্যয় বিভাজনের যৌক্তিকতা/ব্যাখ্যা বাজেট ছাড়ের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিক্ষা ও অর্থ মন্ত্রণালয় কোড ভিত্তিক ব্যয়ের বিভাজন অনুমোদনপূর্বক অর্থ ছাড় করে। ছাড়কৃত জিওতে ৪৯১১-কম্পিউটার ও অফিস সরঞ্জাম খাত হতে ০১টি সার্ভার কম্পিউটার ও অফিস সরঞ্জামাদি ও কম্পিউটারের খুচরা যন্ত্রাংশক্রয় ও রক্ষণাবেক্ষণের ব্যয় নির্বাহের জন্য ১৬ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদন হয়। ডিএও, বগুড়া'র মাধ্যমে পরিশোধিত বিলের ব্যয় একাডেমীর অনুন্নয়ন বাজেটের ৫৯০১ সাধারণ মঞ্জুরী কোডে ব্যয় হিসাবভুক্ত করেছে কোড পরিবর্তন করা হয়নি। অডিট আপত্তিতে ৬৮২১ নং কোড থেকে কম্পিউটার ক্রয়ের উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে ৬৮২১ কোডটি আসবাবপত্র সংক্রান্ত উক্ত কোড কোন কম্পিউটার ক্রয় করা হয়নি। সার্ভার কম্পিউটার যন্ত্রপাতি ও টোনার কার্টিজ ক্রয় করা হয়েছে ৪৯১১ নং কোড থেকে। যা কম্পিউটার অফিস সরঞ্জাম এর ক্ষেত্রে প্রযোজ্য এবং মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত। আপত্তিটি নিষ্পত্তিযোগ্য বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় অফিসের জবাব গ্রহণযোগ্য হওয়ায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | আপত্তিকৃত ১১,০১,১১৫/- টাকা কোড পরিবর্তন করে ব্যয় করা হয়েছে। প্রাপ্ত জবাবের স্বপক্ষে ডিএও বগুড়া অফিস হতে ব্যয় বিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১৫. | ২০১৭-২০১৮ | জাতীয় কম্পিউটার ও গবেষণা একাডেমী, বগুড়া। | অনু:-১৫ (অগ্রিম) ৬,৯৪,৫০০/- | ঠিকাদারী প্রতিষ্ঠানকে চেকের পরিবর্তে নগদে অনিয়মিতভাবে পরিশোধ। | ২০১৭-২০১৮ অর্থ বছরের ৩০/০৬/১৮ খ্রি. তারিখ পর্যন্ত জেলা হিসাব রক্ষণ অফিস, বগুড়া'র মাধ্যমে প্রি-অডিটের মাধ্যমে নির্বাহ করা হয়েছে। অর্থ বিভাগের আন্ত:মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত।<br>আপত্তিতে উল্লেখিত ৩টি প্রতিষ্ঠান তাদের কাজের বিল নগদে উত্তোলনের জন্য আবেদন করেন। তৎপ্রেক্ষিতে পরিচালক, নেকটার, বগুড়া তাদের আবেদন সহকারে বিলটি ডিএও, বগুড়া হতে পরিশোধের জন্য উপস্থাপন করেন। ডিএও, বগুড়া ঠিকাদারের আবেদনের বিষয়টি নিশ্চিত হয়ে বিলগুলো নগদে পরিশোধের নিমিত্তে পরিচালক, নেকটার, বগুড়া বরাবর চেক প্রদান করেন। তৎপ্রেক্ষিতে পরিচালক দাখিলকৃত বিলের অর্থ নগদে পরিশোধ করেছেন। বিলটি নগদে হলেও যথাযথভাবে পরিশোধ করা হয়েছে। নগদে অর্থ পরিশোধের আবেদন ও প্রাপ্তি স্বীকার প্রদান করা হলো। বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় অফিসের জবাব গ্রহণযোগ্য হওয়ায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | চেকের পরিবর্তে নগদে প্রদান করা স্বপক্ষে কোন যৌক্তিক ব্যাখ্যা প্রদান করা হয়নি। ট্রেজারী রুল এর ব্যত্যয় ঘটিয়ে চেকের পরিবর্তে নগদ অর্থ প্রদান করায় প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ আবশ্যক। |

চলমান পাতা/৬

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬. | ২০১৭-২০১৮ | চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম। | অনু:-১৬ (অগ্রিম) ১,০৪,১০০/- | নম্বরপত্র ফি খাতে সরকার হার অপেক্ষা অতিরিক্ত হারে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা হয়নি। | কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক নম্বরপত্র ফি খাতে অর্থ আদায় করা হয়েছে। | টিএমইডি এর মতামত প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | জবাব নিষ্পত্তিমূলক নয় কারণ মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য করে বোর্ডের আদেশ গ্রহণযোগ্য নয়। ফলে এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মন্তব্যসহ জবাব অন্যথায় আপত্তিকৃত অর্থ সরকারি খাতে জমা প্রদান করা আবশ্যক। |
| ১৭. | ২০১৭-২০১৮ | সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা। | অনু:-১৭ (অগ্রিম) ১,৮৫,৩৫৭/- | ল্যাবরেটরীর তহবিলের আদায়কৃত অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা হয়নি। | ২১৭-২০১৮ অর্থ বছরের অডিট নিরীক্ষায় আপত্তির উথাপিত জবাবে সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা ভর্তির সময় ল্যাবরেটরী ফি আদায় করা হয়। অডিট আপত্তিতে উথাপিত হয়েছে ১,৮৫,৩৫৭/- যা কম্পিউটার ল্যাবরেটরীর তহবিলের অর্থ (ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত)। প্রকৃতপক্ষে ল্যাবরেটরী তহবিলের ২০১৭-২০১৮ সালে অব্যয়িত আছে ৩৬,৮৫৭.০১ টাকা যা ৩০/০৬/১৮ খ্রি. স্থিতি রয়েছে। **ল্যাবরেটরী তহবিল ব্যয় একটি চলমান প্রক্রিয়া প্রতি অর্থবছরে ব্যয় শেষ করা যায় না, কারণ ল্যাবরেটরিতে ব্যবহারিক পরীক্ষা হচ্ছে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত হওয়ায় উক্ত ব্যয় পরবর্তী বছরে ল্যাবরেটরী তহবিল হতে ব্যয় মিটানো হয়। ছাত্রদের কল্যাণে/স্বার্থে এই সকল কার্যক্রম করা হয়। বিধায় বাস্তবতার আলোকে অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।** | স্থানীয় অফিসের জবাব গ্রহণযোগ্য বিধায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় অফিসের জবাব, প্রমাণক ও মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো। |
| ১৮. | ২০১৭-২০১৮ | **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।** | অনু:-১৮ (অগ্রিম) ৩০,০০০/- | **গাড়ির জ্বালানী তেল ক্রয়ের অগ্রিম গ্রহণকৃত টাকা সমন্বয় করা হয়নি।** | **অগ্রিম প্রদত্ত অর্থ এর মাধ্যমে সমন্বয় করা হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।** | **অগ্রিম প্রদত্ত অর্থ সমন্বয় করা হয়েছে বিধায় নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।** | **জবাব এবং সিএও শিক্ষা অফিসের প্রত্যয়ণ থাকায় আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো।** |
| ১৯. | ২০১৭-২০১৮ | **ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।** | অনু:-১৯ (অগ্রিম) ২,৬৪,৬৪৯/- | **সরকারি বাসায় বসবাসকারীদের নিকট হতে বিদ্যুৎ বিল অনাদায়ী।** | **বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। আদায়পূর্বক অবহিত করা হবে।** | **টিএমইডি এর মতামত, প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।** | **সমুদয় অর্থ আদায় করে প্রমাণকসহ অডিট অফিসে জানাতে অনুরোধ করা হলো।** |
| ২০. | ২০১৭-২০১৮ | **সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।** | অনু:-২০ (অগ্রিম) ৬২,০৭৫/- | **ম্যাগাজিন তহবিলের আদায়কৃত অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা হয়নি।** | **২০১৭-২০১৮ অর্থ বছরের নিরীক্ষায় অডিট উথাপিত আপত্তির টাকা ছাত্রদের নিকট হতে ভর্তির সময় আদায় করা হয়। ম্যাগাজিন ও একাডেমিক ক্যালেন্ডার বই আকারে তৈরির সময় এই অর্থের প্রয়োজন হয়।** | **স্থানীয় অফিসের জবাব গ্রহণযোগ্য বিধায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।** | **জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো।** |

| ক্র: নং | আর্থিক সন | প্রতিষ্ঠানের নাম | আপত্তির ধরণ, চূড়ান্ত অনুচ্ছেদ নং ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | অডিট অধিদপ্তরের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উক্ত অর্থ ব্যয়ের ন্য ৩ সদস্য বিশিষ্ট শিক্ষক মন্ডলী দ্বারা কমিটি গঠন করা হয় এবং ২০১৭-২০১৮ অর্থ ব্যয় করা হয়েছে। ব্যয়ের পর ৬২,০৭৫/- টাকা অব্যয়িত আছে যা পরবর্তী বছরে ব্যয় করা হবে। সাধারণত একাডেমীক ক্যালেন্ডার ভিত্তিক ম্যাগাজিন ও ক্যালেন্ডার হয়ে থাকে। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/অডিট/সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ: ০৬/০৭/২০১৪ খ্রি: 'পরিপত্র' মোতাবেক আদায় ও খরচ করা হয়ে থাকে এ বিষয়ে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশনা না থাকায় পরবর্তী বছরের জন্য ম্যাগাজিন তহবিলে জমা রাখা হয়েছে। ছাত্রদের কল্যাণে/স্বার্থে এই সকল কার্যক্রম করা হয়। এটি একটি চলমান প্রক্রিয়া। অতএব, উপরোক্ত আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | | |
| ২১. | ২০১৭-২০১৮ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। | অনু:-২১ (অগ্রিম) ২২,৪৪৪/- | ইন্টারনেট সংযোগের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানকে অতিরিক্ত পরিশোধ। | জড়িত টাকার পরিমাণ ২২,৪৪৪/- উল্লেখ থাকলেও প্রকৃতপক্ষে জড়িত টাকার পরিমাণ হবে ২২,৩২০/- টাকা। কোম্পানী কর্তৃক ভ্যাট ও আয়কর বাবদ দাবী ৩৭,২০০/- যার থেকে বিলের মধ্যে ভ্যাট ও আয়কর বাবদ ১৪,৮৮০/- টাকা কর্তৃক করা হয়েছে। অবশিষ্ট (৩৭,২০০-১৪,৮৮০) = ২২,৩২০/- ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়েছে (চালান নং-৫৯, তাং-২২/০৮/১৯ খ্রি.)। আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো। | জড়িত টাকার পরিমাণ হবে ২২,৩২০/- টাকা যা চালান নং-৫৯, তাং-২২/০৮/১৯ খ্রি. এর মাধ্যমে ব্যাংকে জমা দেওয়া হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | প্রাপ্ত জবাব এবং ২২,৩২০/- টাকার চালান ও অনলাইন ভেরিফিকেশন যাচাই কপি প্রেরণ করায় এবং যাচাই করে সঠিক পাওয়ায় আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করা হলো। |
| ২২. | ২০১৭-২০১৮ | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা। | অনু:-২২ (অগ্রিম) --------/- | প্রতিষ্ঠানের বাসায় সরকারি বিভিন্ন অফিসের কর্মকর্তা/কর্মচারী বসবাস করলেও বাড়ি ভাড়া ভাতা কর্তনের স্বপক্ষে কোন প্রমাণক/সিডিউল পাওয়া যায়নি। | সবশেষে বিভিন্ন অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পত্র প্রেরণ করা হয়েছে পরবর্তীতে অডিট অফিসকে অবহিত করা হবে। | টিএমইডি এর মতামত প্রতিষ্ঠানের জবাব যথাযথ হওয়ায় এবং ডিজি, ডিটিই এর সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। | সমুদয় অর্থ আদায় পূর্বক প্রমাণকসহ অডিট অফিসে জানানোর জন্য অনুরোধ করা হলো। |

০৩. উপরিউক্ত ছকে বর্ণিত আপত্তিগুলোর ক্রমিক নং-১, ২, ৭, ১২, ১৩, ১৭, ১৮, ২০ ও ২১ মোট ০৯ টি আপত্তি শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তি করা হয়েছে মর্মে জানান হয়েছে, যা মহোদয়কে অবগত করা হলো।

০৪. এমতাবস্থায়, বর্ণিত আপত্তিগুলোর ক্রমিক নং-৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১৪, ১৫, ১৬, ১৯ ও ২২ মোট ১৩ টি আপত্তি শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তি না হওয়ায় সেগুলোর বিএসআর (প্রমাণকসহ) আগামী ১৫.০৩.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.০২.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

বিতরণ:

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ ইস্কাটন, রমনা, ঢাকা।
০৩. পরিচালক, জাতীয় কম্পিউটার ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।